

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৮২১

১৮/ শাসন

পরিচ্ছেদঃ প্রজাদের সাথে শাসকদের কোমল ব্যবহার করা, তাদের মঙ্গল কামনা করা, তাদের প্রতি স্নেহপরবশ হওয়ার আদেশ এবং প্রজাদেরকে ধোঁকা দেওয়া, তাদের প্রতি কঠোর হওয়া, তাদের স্বার্থ উপেক্ষা করা, তাদের ও তাদের প্রয়োজন সম্বন্ধে উদাসীন হওয়া নিষিদ্ধ।

আরবী

عَنْ رَجُلٍ مِنْ اهْلِ الْمَدِينَةِ قَالَ: كَتَبَ مُعَاوِيَةُ إِلَى عَائِشَةَ أَمِ الْمُؤْمِنِينَ رَضيَ اللهُ عَنْهَا اِلَى الْ الْكُبِي إِلَيَّ كِتَابًا تُوصِينِي فِيهِ وَلا تُكْثِرِي عَلَيَّ فَكَتَبَتْ عَائِشَةُ رَضِيَ اللهُ عَنْهَا إِلَى مُعَاوِيَةَ: سَلامٌ عَلَيْكَ امَّا بَعْدُ: فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنِ الْتَمَسَ رِضَاءَ النَّاسِ كَافَاهُ اللهُ مُؤْنَةَ النَّاسِ وَمَنِ الْتَمَسَ رِضَاءَ النَّاسِ بِسَخَطِ النَّاسِ كَافَاهُ اللهُ مُؤْنَةَ النَّاسِ وَمَنِ الْتَمَسَ رِضَاءَ النَّاسِ بِسَخَطِ النَّاسِ وَالسَّلامُ عَلَيْكَ

বাংলা

(১৮২১) মদীনার এক ব্যক্তি হতে বর্ণিত, একদা মুআবিয়া (রাঃ) আয়েশা (রাঃ) কে এই আবেদন জানিয়ে চিঠি লিখলেন যে, 'আমার জন্য একটি চিঠি লিখুন এবং তাতে আপনি আমাকে কিছু অসিয়ত করুন (মন্ত্রণা ও উপদেশ দেন)। আর বেশী ভার দেবেন না।' সুতরাং আয়েশা (রাঃ) হযরত মুআবিয়া (রাঃ) কে চিঠিতে লিখলেন যে, 'সালামুন আলাইক। অতঃপর আমি আপনাকে জানাই যে, আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, তিনি বলেছেন, "যে ব্যক্তি লোকেদেরকে অসম্ভুষ্ট করেও আল্লাহর সম্ভুষ্টি অম্বেষণ করে, সে ব্যক্তির জন্য লোকেদের কষ্টদানে আল্লাহই যথেষ্ট হন। আর যে ব্যক্তি আল্লাহকে অসম্ভুষ্ট করে লোকেদের সম্ভুষ্টি খোঁজে সে ব্যক্তিকে আল্লাহ লোকেদের প্রতিই সোপর্দ করে দেন।" অসসালামু আলাইক্।' (তিরমিয়ী ২৪১৪, সিলসিলাহ সহীহাহ ২৩১১)

অন্য এক বর্ণনায় আছে, "যে ব্যক্তি লোকেদেরকে অসম্ভষ্ট করেও আল্লাহর সম্ভুষ্টি অম্বেষণ করে, সে ব্যক্তির প্রতি আল্লাহ সম্ভুষ্ট হন এবং লোকদেরকেও তার প্রতি সম্ভুষ্ট করেন। আর যে ব্যক্তি আল্লাহকে অসম্ভুষ্ট করে লোকদেরকে সম্ভুষ্টি অম্বেষণ করে, সে ব্যক্তির প্রতি আল্লাহ অসম্ভুষ্ট হন এবং লোকদেরকেও তার প্রতি অসম্ভুষ্ট করে দেন।" (ইবনে হিবান ২৭৬ প্রমুখ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন